

## যদি ভুলে যাও

যদি ভুলে যাও, অভিযোগ নেই কোন  
তুলবোনা কথা কিছু পুরনো  
একবারো ডাকবোনা সেই চেনা নাম ধরে তোমায়!  
বলবোনা সামনের ছুটিতে,  
একটিবার দেখতে এস আমায়,  
চোখের জল(!), নাগো সেও দেখবেনা কথা দিলাম।  
ভুলেও বলবনা, আমি শুধু তোমাকে ভালবেসেছিলাম!  
---o---

## সময়ের দাবি!

দেখা হল কথা হল, কিছুটা ঠোটে, বাকিটা চোখে চোখে  
প্রেম! হুম, সেটাও দুম করে হয়ে গেল, মিথ্যা বলবনা!!  
কথা দেয়া নেয়া কিছুই বাকি ছিলনা  
একে একে সব হল।  
তারপর এল ভাঙ্গার পালা!  
স্বপ্ন ভাঙ্গলো, মন ভাঙ্গলো, ভাঙ্গল আরো কত কি!  
আজ শুধু জানতে চাই, ছিল কি এতটুকু ভালবাসা,  
নাকি শুধু সময়ের দাবি!  
---o---

## নিঘূর্ম রাত

শুধু একটি রাত তোমার বুকের আলিঙ্গনে ঘুমাব ভেবে  
কত রাত নিঘূর্ম কাটিয়েছি,  
শুধু একটি শব্দ 'ভালবাসি' বলব বলে  
কত যে অর্থহীন কথা বলে গেছি!  
আসেনি সেই রাত, বলা হয়নি সেই কথা  
স্বপ্নহীন হয়ে এ কেমন আমার বেচে থাকা!  
---o---